# বসুন্ধরায় নির্মাণাধীন ভবনের পানির ট্যাংক থেকে তিন শ্রমিকের লাশ উদ্ধার




সংগৃহীত ছবি

শনিবার (১৬ আগস্ট) দুপুরে 'ই' ব্লকের ১৪ নম্বর সড়কের একটি প্লটে এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, চারজন শ্রমিক ট্যাংকে নামার পর দীর্ঘ সময়েও বাইরে না আসায় স্থানীয়রা ৯৯৯–এ ফোন করেন। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পুলিশ দেখতে পায়, তিনজন ইতিমধ্যেই মারা গেছেন এবং একজন অচেতন অবস্থায় আছেন।

ভাটারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাকিবুল হাসান বলেন, "মৃত শ্রমিকরা ওই ভবনের নির্মাণকাজে যুক্ত ছিলেন। ট্যাংকের ভেতর নির্মাণে ব্যবহৃত বাঁশ ও খুঁটি খোলার জন্যই তারা নামেন। তবে ট্যাংকের ভেতর নামার পরই দুর্ঘটনা ঘটে।"

তিনি আরও জানান, নিহতদের পরিচয় এখনো শনাক্ত করা যায়নি। বিষয়টি নিশ্চিত করতে পুলিশ কাজ করছে।

LENS ASIA